



# জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে নিবন্ধনকৃত গ্র্যাজুয়েটদের দৃষ্টি আকর্ষণ

- সমাবর্তন ভেন্যুতে গাউন পরিধান করে আসতে হবে।
- আমন্ত্রণ পত্রের খামের ওপর সীলমোহর অনুযায়ী নির্ধারিত হলে সরাসরি প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে।
- মহামান্য রাষ্ট্রপতি সমাবর্তন শোভাযাত্রা সহযোগে মিলনায়তনে প্রবেশ করার সাথে সাথে সবাইকে উঠে দাঁড়াতে হবে। এ সময় জাতীয় সঙ্গীত বাজানো হবে। মহামান্য রাষ্ট্রপতি আসন গ্রহণ করার পর সবাই আসন গ্রহণ করবেন।
- স্নাতকপূর্ব শিড়্গা বিষয়ক স্কুলের ডিন প্রফেসর ড. মোবাম্মেরা খানম স্নাতক, স্নাতক (সম্মান) এবং স্নাতক ও স্নাতক (সম্মান) পর্যায়ের সকল প্রফেশনাল পরীড়্গায় উত্তীর্ণ গ্র্যাজুয়েটদের মাননীয় চ্যাপেলর কর্তৃক আনুষ্ঠানিকভাবে ডিগ্রি প্রদান করার লড়্গ্যে তাঁর সমীপে উপস্থাপন করার ঘোষণা দেয়ার সাথে সাথে সংশ্লিষ্ট গ্র্যাজুয়েটবৃন্দ নিজ নিজ আসনের সম্মুখে ওঠে দাঁড়াবেন।
- স্নাতকোত্তর শিড়্গা, প্রশিড়্গা ও গবেষণা কেন্দ্রের ডিন প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন মাস্টার্স ও সম্মানের সকল প্রফেশনাল পরীড়্গায় উত্তীর্ণদের এবং এম.ফিল ও পিএইচ.ডি অর্জনকারী গবেষকবৃন্দকে একসঙ্গে মাননীয় চ্যাপেলর কর্তৃক আনুষ্ঠানিকভাবে ডিগ্রি প্রদান করার লড়্গ্যে তাঁর সমীপে উপস্থাপন করার ঘোষণা দেয়ার সাথে সাথে সংশ্লিষ্ট সকলে নিজ নিজ আসনের সম্মুখে উঠে দাঁড়াবেন এবং মাননীয় চ্যাপেলর কর্তৃক আনুষ্ঠানিকভাবে সকল পর্যায়ের শিড়্গার্থীদের একসঙ্গে ডিগ্রি প্রদান করার পর সকলে আসন গ্রহণ করবেন।
- মাননীয় চ্যাপেলর কর্তৃক সমাবর্তন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণার পর জাতীয় সঙ্গীত বেজে উঠবে। অতঃপর মাননীয় চ্যাপেলর শোভাযাত্রা সহযোগে সমাবর্তনস্থল ত্যাগ না করা পর্যন্ত সকলে নিজ নিজ আসনের সম্মুখে দাঁড়িয়ে থাকবেন।
- মহামান্য রাষ্ট্রপতি প্রস্থানের পর গ্র্যাজুয়েটবৃন্দ খাবার কুপন দেখিয়ে যেকোনো কাউন্টার থেকে খাবার সংগ্রহ করতে পারবেন।
- গ্র্যাজুয়েটগণ সমাবর্তন ভেন্যুর অভ্যন্তরে ও বাইরে স্থাপিত একাধিক ফটোকর্ণারে গাউন পরে ছবি তুলতে পারবেন। ছবি তোলার পর অবশ্যই নির্ধারিত কাউন্টারে গাউন জমা দিয়ে সমাবর্তনস্থল ত্যাগ করবেন।

-বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ